দৈনিক বাংলা

তারিখ ... ৭।১।৮০ ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

049

# মনু প্রকল্পের কাজ আবার শুরু হচ্ছে

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

মৌলবীবাজার, ৪ঠা জানুয়ারী।— অবশেষে মনু প্রকল্প সংশোধন করা হয়েছে। কাজ শুরু হয়েছে, তবে কাজ হচ্ছে, 'কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর অধীনে'।

মনু প্রকল্পের কাজ পানি উন্নয়ন বোর্ড শুরু করে ৭৫-৭৬ সালে কুয়েতের আর্থিক সাহায্যে। অবশ্য এ কাজ বিশ্ব ব্যাংকের অর্থে শুরু হবার কথা ছিল ৬৩-৬৪ সালে। তখনকার ব্যয় বরাদ্দ ছিল ২ কোটি ৫৬ লাখ টাকা। আর এখনকার বরাদ্দ হচ্ছে ৪৩ কোটি টাকা।

সে সময় কাজ শুরু করেই বন্ধ করে দিতে হয়েছিল প্রধানতঃ আর্থিক কারণেই। এ ছাড়াও সংশ্লিষ্ট অঞ্চলের জনসাধারণের বৃহত্তর অংশের তীব্র সমালোচনা ও বিরোধীতাও ছিল অন্যতম কারণ।

উল্লেখ্য যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এটাই হচ্ছে সর্ববৃহত্তম প্রকল্প। তদানিন্তন পাকিস্তানে তরবেলা বাঁধের পরেই ছিল এটির স্থান।

মনুনদীর উজানদিকে প্রায় অর্ধেক অংশ এবং ধলাই নদীকে বাদ দিয়ে এই প্রকল্প রচনার জন্য জনসাধারণ এর তীব্র সমালোচনা ও বিরোধীতা করেছিলেন।

কর্তৃপক্ষ অবশেষে ৭৮-৭৯ সালে মনুনদীর উজানের প্রকল্প বহির্ভূত অংশের উভয় তীরে বাঁধ বাঁধার কাজ শুরু করেছেন। ভারত সীমান্ত থেকে ভাটির দিকে কাজ অনেক দূর এগিয়ে এসেছে। আশা করা যাচ্ছে এ বছরই তা সম্পূর্ণ হয়ে মূল বাঁধের সাথে এসে মিলবে।

অন্যদিকে ধলাই নদীর উভয় তীরেও বাঁধ নির্মাণের প্রয়োজনীয়তা কর্তৃপক্ষ উপলব্ধি করেছেন। তাই এর জন্য এই বছর বরাদ্দ করা হয়েছে দুশ দশ টন গম।

## মনু প্রকল্প

(৭-এর পৃঃ পর)

উল্লিখিত দুটি কাজই মূল প্রকল্প বহির্ভূত। তবে কাজ দুটি তদারকির ভার ন্যস্ত হয়েছে ওয়াপদার মনু প্রকল্প সার্কেলের উপর।

জনসাধারণ আশ্বস্ত হয়েছেন এ জন্য যে প্রকল্পটির ত্রুটিপূর্ণ দিকের প্রতি কর্তৃপক্ষের দৃষ্টি পড়েছে। তবে সংশোধনের জন্য যে ব্যবস্থা নেওয়া হয়েছে তা কোন স্থায়ী ব্যবস্থা নয় বলে জনসাধারণ মত প্রকাশ করেন।

অভিজ্ঞ মহলের অভিমত, প্রকল্প বহির্ভূত মনুনদীর অংশ এবং ধলাই নদী অঞ্চল অন্তর্ভুক্ত করাই হবে সমস্যার সঠিক সমাধান।